গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৭.০০১.১৭.৫০

তারিখঃ ১০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

যেহেতু বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্য আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (সহকারী জজ) জনাব পাভেল চাকমা অস্ট্রেলিয়ায় অধ্যয়নের জন্য গত ০১/০১/২০১৫ খ্রিঃ তারিখ হতে গত ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত মঞ্জুরীকৃত প্রেষণ শেষে কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগের প্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে **'অসদাচরণ'** ও **'ডিজারশন'** এর অভিযোগের দায়ে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৭ রুজুক্রমে তাঁর বরাবর অভিযোগনামা (১ম কারণ দর্শানোর নোটিশ) ও অভিযোগ বিবরণী যথারীতি জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে কোনরূপ জবাব দাখিল না করায় উক্ত বিভাগীয় মোকদ্দমাটি পূর্ণাঙ্গ তদন্তের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত অন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ পর্যালোচনা, সাক্ষ্য প্রমাণ ও পারিপার্শ্বিক অবস্থার আলোকে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে **'অসদাচরণ'** ও **'ডিজারশন'** এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী **"চাকরি হতে অপসারণ (Removal from service)"** এর সিদ্ধান্ত গ্রহণ করতঃ কেন তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে না তৎমর্মে একই বিধিমালার বিধি ৭(৬) অনুযায়ী ২য় বারের মতো কারণ দর্শানো হয়, যা যথারীতি জারি করা হয় এবং একইসাথে দু'টি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে কোনরূপ লিখিত জবাব দাখিল না করায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে **'অসদাচরণ'** ও **'ডিজারশন'** এর অভিযোগে দোষী সাব্যস্তক্রমে একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী **"চাকরি হতে অপসারণ (Removal from service)"** করার সিদ্ধান্ত গ্রহণক্রমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষণ করে;

যেহেতু উক্ত প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্য অভিযুক্ত জনাব পাভেল চাকমা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে **'অসদাচরণ'** ও **'ডিজারশন'**র অভিযোগে দোষী সাব্যস্তক্রমে একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী **"চাকরি হতে অপসারণ (Removal from service)"** করা হলো।

জনস্বার্থে এই আদেশ জারি করা হলো, যা গত ০১/০১/২০১৭ খ্রিঃ তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
২৪/০১/২০২১
(মোঃ গোলাম সারওয়ার)
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

নং-১০.০০.০০০০.১২৫.২৭.০০১.১৭.৫০/১(১২)

তারিখঃ ১০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৩. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০. জনাব পাভেল চাকমা, প্রযত্নে ঃ পিতা- সুরেশ বিকাশ চাকমা, গ্রামঃ মধুপুর, ডাকঘর ঃ খাগড়াছড়ি, থানা/উপজেলা ঃ খাগড়াছড়ি, জেলা ঃ খাগড়াছড়ি।
১১. গার্ড ফাইল।
১২. অফিস কপি।

২৪/০১/২০২১

(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।